

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ(ইএসপি)
৩/২, ব্লক-এ, আসাদ এভিনিউ
মোহাম্মদপুর, ঢাকা।

স্মারক নং-পপঅ/ESP/MHS/এইচ-২৪/৯৮/১৯৫

তারিখঃ ০১/০৮/১৯ইং

আদেশনামা

মা ও শিশু কল্যাণ কেন্দ্র সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সুষ্ঠু ভাবে বাসস্থান বরাদ্দ করার লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করা হবেঃ-

১। এমসিডব্লিউসি সংলগ্ন বাসা বরাদ্দের জন্য একটি বরাদ্দ কমিটি থাকবে এবং এই কমিটির গঠন হবে নিম্নরূপঃ

(ক)	উপ-পরিচালক	সভাপতি
(খ)	সহকারী পরিচালক(সিসি)/মেডিকেল অফিসার(সিসি)	সদস্য
(গ)	মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি), সদর	সদস্য
(ঘ)	সিনিয়র এফডব্লিউসি	সদস্য
(ঙ)	মেডিকেল অফিসার(ক্লিনিক)	সদস্য সচিব

২। এই কমিটি নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করে বাসা বরাদ্দ করবেঃ-

(ক) যে সকল মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মেডিকেল অফিসারদের জন্য একটি মাত্র বাসা নির্মিত হয়েছে/ আছে সেখানে একমাত্র বাসাটি কেন্দ্রে কর্মরত মেডিকেল অফিসার (ক্লিনিক) পদাধিকার বলে বরাদ্দ প্রাপ্ত হবেন।

(খ) মেডিকেল অফিসারদের জন্য যেখানে দুইটি বাসা আছে সেখানে দ্বিতীয় বাসাটি জেলা সদর থানায় কর্মরত মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) যিনি এনাসথেসিয়ায় ট্রেনিং প্রাপ্ত হবেন তার নামে বরাদ্দ করা হবে। এই বাসা দুটি একই ফ্লট/ বিল্ডিং এ অবস্থিত হলে নীচতলা এনাসথেসিয়ার উপর প্রশিক্ষণ প্রাপ্ত মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং দ্বিতীয় তলা মেডিকেল অফিসার (ক্লিনিক) এর নামে বরাদ্দ করা হবে। তবে সমঝোতার ভিত্তিতে যে কোন ফ্লট দেয়া যেতে পারে।

(গ) দুই তলা অথবা ততোধিক তলা বিশিষ্ট বিল্ডিং এর চার বা ততোধিক ফ্লট বাড়ীর উপরের তলায় দুইটি ফ্লট মেডিকেল অফিসারদের জন্য এবং নীচ তলার ফ্লট এফডব্লিউসিদের জন্য বরাদ্দ দিতে হবে।

(ঘ) যেখানে শুধু এফডব্লিউসিদের জন্য একটি বাসা আছে, সেখানে ঐ বাসাটি ইওসি প্রশিক্ষণ প্রাপ্ত জ্যেষ্ঠ এফডব্লিউসিকে বরাদ্দ দিতে হবে। যদি দুইটি বাসা থাকে তবে দ্বিতীয় জ্যেষ্ঠ ইওসি প্রশিক্ষণ প্রাপ্ত এফডব্লিউসি এর নামে বরাদ্দ দিতে হবে।

(ঙ) এই দুই জনকে বরাদ্দ দেয়ার পর যদি কোন বাসা খালি থাকে তবে উন্নয়ন খাতভুক্ত এফডব্লিউসিসহ এমসিডব্লিউসিতে কর্মরত যে কোন তৃতীয় শ্রেণীর কর্মচারীকে বসবাসের জন্য এই বাসাটি বরাদ্দ দেয়া যেতে পারে। অথবা তৃতীয় শ্রেণীর কর্মচারীদের ডর্মেটরী হিসাবে ব্যবহার করার যেতে পারে।

(চ) বরাদ্দ প্রাপ্ত কর্মচারী/ কর্মকর্তাগণ সরকারী নীতিমালা অনুযায়ী বেতন ভাতা হতে যাতে নিয়মিত বাসা ভাড়া কর্তন করেন সে দিকে হিসাব শাখাকে লক্ষ্য রাখতে হবে এবং উপ পরিচালক বিষয়টি সময় সময় পরীক্ষা করে দেখবেন।

(ছ) প্রত্যেক বরাদ্দ প্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী বরাদ্দকৃত বাসার বিদ্যুত, পানি ও গ্যাস ইত্যাদির বিল নিয়মমাফিক পরিশোধ করবেন। যদি কোথাও উল্লেখিত বিদ্যুত, পানির জন্য কোন আলাদা মিটার না থাকে তা হলে Joint Meter থেকে বরাদ্দ প্রাপ্তরা সমান ভাগে বা সমঝোতার মাধ্যমে বিল পরিশোধ করবেন।

৩। কর্মকর্তা/ কর্মচারীদের জন্য নির্মিত বাসার বিবরণ কেন্দ্র ভিত্তিক নিম্নে প্রদত্ত হলোঃ-

(ক) মেডিকেল অফিসারদের জন্য একটি বাসা নির্মিত হয়েছেঃ দিনাজপুর, ঠাকুরগাঁও, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, রংপুর, কুড়িগ্রাম, বান্দরবন, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ।

(খ) মেডিকেল অফিসারদের জন্য দুইটি বাসা নির্মিত হয়েছেঃ নাটোর, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, কুমিল্লা, ফেনী, কক্সবাজার, রাংগামাটি, খাগড়াছড়ি, পটিয়া, টাঁদপুর, লক্ষ্মীপুর, ভোলা, পিরোজপুর, পটুয়াখালী, বাগেরহাট, মাগুরা, যশোর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, ফরিদপুর, জামালপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, পঞ্চগড়, টাঙ্গাইল।

